# দশমূর্তি

(নারায়ণ গঙ্গোপাধ্যায় জন্মশতবর্ষ স্মারক)



সম্পাদনা

সুশোভন পাইন

# দশমূর্তি

নারায়ণ গঙ্গোপাধ্যায় জন্মশতবর্ষ স্মারক

সম্পাদনা

**সুশোভন পাইন**

বঙ্গীয় সাহিত্য সংসদ

DASHAMURTI
A Bengali short Stories Edited by Sushovan Pyne, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street, Kolkata : 700 009, March : 2023. ₹ 100.00

© অধ্যক্ষ, বিবেকানন্দ কলেজ

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

**প্রথম প্রকাশ**
মার্চ, ২০২৩

**প্রকাশক**
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯

**প্রচ্ছদ** অতনু গাঙ্গুলী

**বর্ণসংস্থাপন**
তন্ময় ভট্টাচার্য, বরানগর

**মুদ্রক**
অজন্তা প্রিন্টার্স
কলকাতা : ৭০০ ০০৯

**ISBN :** 978-93-94748-38-5

মূল্য : একশো টাকা

# ভূমিকা

গত শতকের বাংলা কথাসাহিত্যের ধারায় শ্রদ্ধেয় নানায়ণ গঙ্গোপাধ্যায় ছিলেন এক বিশ্রুত কথাকার অধ্যাপক। আমরা ছিলাম কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে তাঁর প্রত্যক্ষ ছাত্র। পাণ্ডিত্যে এবং বাগ্মিতায় তাঁর মতো জনপ্রিয়তা আর কোনো অধ্যাপকের ছিল না। ছাত্রছাত্রীদের সঙ্গে ব্যবহারেও তিনি ছিলেন অত্যন্ত আন্তরিক মধুর স্বভাবী। আর তাঁর সাহিত্যকীর্তি তো অতুলনীয়। 'উপনিবেশ', 'মহানন্দা', 'শিলালিপি'-র মতো উপন্যাস, 'বীতংস', 'হাড়', 'টোপ'-এর মতো কালজয়ী ছোটগল্প, 'সাহিত্যে ছোটগল্প', 'বাংলা গল্পবিচিত্রা', 'সাহিত্য ও সাহিত্যিক', 'কথাকোবিদ রবীন্দ্রনাথ'-এর মতো সমালোচনা-প্রবন্ধ বা একেবারে ভিন্ন স্বাদের 'সুনন্দম জার্নাল'-এর মতো অম্লমধুর রম্যরচনা—একাধারে এত বৈচিত্র্যময় রচনা আর কতজন সাহিত্যিক আমাদের উপহার দিতে পেরেছেন? কিন্তু দুর্ভাগ্যের মাত্র ৫২ বছর বয়সে এই সৃষ্টিশীল মানুষটিকে আমাদের ছেড়ে চলে যেতে হয়েছিল। দেখতে দেখতে তাঁর জন্মশতবার্ষিকীও পার হয়ে গেল ২০১৮ সালে।

সেই উপলক্ষে ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজ তাঁর স্মরণে সারা পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য একটি ছোটগল্প প্রতিযোগিতার আয়োজন করেছিল। তাতে যোগ দিয়েছিলেন অনেকেই। আমার সৌভাগ্য সেইসব গল্পের বিচারমণ্ডলীর মধ্যে ছিলাম আমি এবং একদা আমার কলেজ ও বিশ্ববিদ্যালয় জীবনের সহপাঠী সুলেখক শ্রীসমরেশ মজুমদার। কলকাতা ও পার্শ্ববর্তী হাওড়া থেকে শুরু করে মেদিনীপুর এমনকি কোচবিহারের দিনহাটা থেকেও প্রতিযোগীরা গল্প পাঠিয়েছে। সেসব গল্পের অধিকাংশেরই সাহিত্যিক মান বেশ উঁচুদরের। তাদের মধ্যে থেকে নির্বাচিত কয়েকটি গল্প এখানে সংকলিত হল। আশা করব এই গল্পকারেরা ভবিষ্যতে আরও অনেক গল্প লিখে সাহিত্যজগতে নিজেদের আসন পাকা করবেন।

ফেব্রুয়ারি, ২০২৩
কলকাতা

**পিনাকেশ চন্দ্র সরকার**
প্রাক্তন অধ্যাপক, বাংলা বিভাগ
যাদবপুর বিশ্ববিদ্যালয়

# সম্পাদকীয়

নারায়ণ গঙ্গোপাধ্যায় (১৯১৮-১৯৭০)। সাধারণত কথাশিল্পী হিসেবেই তাঁর সর্বাধিক পরিচিতি পাঠক মহলে। তবে পেশায় তিনি ছিলেন একজন স্বনামধন্য প্রতিষ্ঠিত অধ্যাপক। ছাত্রদের কাছে তিনি T.N.G নামেই পরিচিত ছিলেন। কারণ, তাঁর আসল নাম ছিল তারকনাথ গঙ্গোপাধ্যায়। বাংলা সাহিত্যে অবশ্য তিনি নারায়ণ গঙ্গোপাধ্যায় নামেই সুপরিচিত। উনিশ শতকের একজন বিখ্যাত লেখক ছিলেন তারকনাথ গঙ্গোপাধ্যায় (১৮৪৩-১৮৯১)। যিনি "স্বর্ণলতা" উপন্যাস লিখে প্রভূত খ্যাতির অধিকারী হয়েছিলেন। নাম সাদৃশ্য হেতু লেখালেখির জগতে নারায়ণ গঙ্গোপাধ্যায় তাই পোশাকি নামটি বর্জন করেছিলেন বলে অনেকে মনে করেন।

নারায়ণ গঙ্গোপাধ্যায় আজ শতবর্ষ অতিক্রান্ত। শতবর্ষ পরে আজও তিনি পাঠকের কাছে স্মরণীয় ও বরণীয়। তাঁর শতবর্ষ কে স্মরণীয় করে রাখতে চারিদিকে নানা আয়োজন—সেমিনার, আলোচনা সভা, বিতর্ক প্রতিযোগিতা থেকে শুরু করে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান পালিত হয়েছে। কিন্তু প্রথাগত পথে না হেঁটে আমরা অন্য পথে হেঁটেছি তাঁকে স্মরণ করার জন্য। আমরা আয়োজন করেছিলাম একটি জাতীয়

স্তরের ছোটগল্প রচনার প্রতিযোগিতা। রচনায় মৌলিক বিষয়টিকেই আমরা গুরুত্ব দিতে চেয়েছি। একালের স্বনামধন্য কথাসাহিত্যিক সমরেশ মজুমদার ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক পিনাকেশ চন্দ্র সরকার শতাধিক প্রতিযোগীর মধ্য থেকে সেরা দশজন গল্পকারকে বেছে নিয়েছিলেন। এবার সেই দশজন গল্পকারের গল্পগুলিকে একটি মলাটের মধ্যে সাজিয়ে রাখতেই এই গ্রন্থ প্রকাশের পরিকল্পনা। গ্রন্থের শিরোনাম ঠিক করে দিয়েছেন আমার কলেজের অধ্যক্ষ মহাশয় তথা বিশিষ্ট শিক্ষাবিদ ড. তপন কুমার পোদ্দার। প্রসঙ্গত উল্লেখ্য যে ছোটগল্প প্রতিযোগিতার পরিকল্পনা ও গ্রন্থ প্রকাশের বিষয়ে তাঁর উৎসাহ ও উদ্যোগ ছিল অপরিসীম। এই সুযোগে তাঁকে অন্তরের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই। বাংলা বিভাগের অধ্যাপকদের সহযোগিতা, পরামর্শ ছাড়া এই গ্রন্থ প্রকাশ সম্ভবপর ছিল না। তাঁদেরকেও ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। সর্বোপরি বঙ্গীয় সাহিত্য সংসদের দেবাশীষ দা'কে ধন্যবাদ জানাতেই হয়। তিনি পাশে না থাকলে এত দ্রুত এই গ্রন্থ প্রকাশ পেত না। আশা করি এই গল্প সংকলন গ্রন্থটি পাঠকদের কাছে সমাদৃত হবে। আর অনিচ্ছাকৃত ও মুদ্রণজনিত কোনো ভুল ত্রুটি থাকলে তার জন্য সর্বদা ক্ষমাপ্রার্থী।

ফেব্রুয়ারি, ২০২৩
কলকাতা

**সুশোভন পাইন**
বিবেকানন্দ কলেজ
ঠাকুরপুকুর

স্তরের ছোটগল্প রচনার প্রতিযোগিতা। রচনায় মৌলিক বিষয়টিকেই আমরা গুরুত্ব দিতে চেয়েছি। একালের স্বনামধন্য কথাসাহিত্যিক সমরেশ মজুমদার ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক পিনাকেশ চন্দ্র সরকার শতাধিক প্রতিযোগীর মধ্য থেকে সেরা দশজন গল্পকারকে বেছে নিয়েছিলেন। এবার সেই দশজন গল্পকারের গল্পগুলিকে একটি মলাটের মধ্যে সাজিয়ে রাখতেই এই গ্রন্থ প্রকাশের পরিকল্পনা। গ্রন্থের শিরোনাম ঠিক করে দিয়েছেন আমার কলেজের অধ্যক্ষ মহাশয় তথা বিশিষ্ট শিক্ষাবিদ ড. তপন কুমার পোদ্দার। প্রসঙ্গত উল্লেখ্য যে ছোটগল্প প্রতিযোগিতার পরিকল্পনা ও গ্রন্থ প্রকাশের বিষয়ে তাঁর উৎসাহ ও উদ্যোগ ছিল অপরিসীম। এই সুযোগে তাঁকে অন্তরের শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই। বাংলা বিভাগের অধ্যাপকদের সহযোগিতা, পরামর্শ ছাড়া এই গ্রন্থ প্রকাশ সম্ভবপর ছিল না। তাঁদেরকেও ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। সর্বোপরি বঙ্গীয় সাহিত্য সংসদের দেবাশীষ দা'কে ধন্যবাদ জানাতেই হয়। তিনি পাশে না থাকলে এত দ্রুত এই গ্রন্থ প্রকাশ পেত না। আশা করি এই গল্প সংকলন গ্রন্থটি পাঠকদের কাছে সমাদৃত হবে। আর অনিচ্ছাকৃত ও মুদ্রণজনিত কোনো ভুল ত্রুটি থাকলে তার জন্য সর্বদা ক্ষমাপ্রার্থী।

ফেব্রুয়ারি, ২০২৩
কলকাতা

**সুশোভন পাইন**
বিবেকানন্দ কলেজ
ঠাকুরপুকুর

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| চিরসখা হে | সৈকত ঘোষাল | ১১ |
| বর্ষা চলে গেছে | শুভ্রজ্যোতি মজুমদার | ২০ |
| আলো | শুভাশিষ ব্যানার্জী | ২৪ |
| কাগজের জাহাজ | অনির্বাণ রায় | ২৮ |
| মেঘ | স্বস্তিক মজুমদার | ৩২ |
| নীলিয়ে দিও | জাহাঙ্গীর হোসেন | ৩৬ |
| ভার্জিনিটি | মেঘনা মহান্ত | ৪০ |
| মায়েরা লুকিয়ে থাকে | দেবস্মিতা গুপ্ত | ৪৪ |
| ছত্রাক | গৌতমী ব্যানার্জী | ৪৯ |
| মাইলস্টোন | সুরজিৎ প্রামাণিক | ৫২ |

# দশমূর্তি

(নারায়ণ গঙ্গোপাধ্যায় জন্মশতবর্ষ স্মারক)



বঙ্গীয় সাহিত্য সংসদ

E-mail : bangiyasahityasamsad@gmail.com
Website : www.bangiyasahityasamsad.com

9789394748385